সংবাদ

তারিখ ... 26 NOV 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বেরোবির ভর্তি পরীক্ষা শুরু

প্রতিনিধি, বেরোবি

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে আজ রবিবার থেকে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে রবিবার থেকে শুরু হওয়া শিফটভিত্তিক ছয়টি ইউনিটভুক্ত অনুষদসমূহের এই পরীক্ষা শেষ হবে আগামী ৩০ নভেম্বর। রবিবার প্রথম দিনে এ ইউনিটের চারটি শিফটে যথাক্রমে প্রথম শিফট সকাল নয়টা থেকে ১০টা, দ্বিতীয় শিফট বেলা ১১ টা থেকে ১২টা, তৃতীয় শিফট দুপুর দেড়টা থেকে আড়াইটা এবং চতুর্থ শিফট বেলা সাড়ে তিনটা থেকে সাড়ে চারটায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় অনিয়ম ও জালিয়াতি ঠেকাতে গত বছরের ন্যায় এবারও ভ্রাম্যমান আদালত নিযুক্ত থাকবে। ভর্তি পরীক্ষার আসন বিন্যাসসহ সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.brur.ac.bd ) থেকে জানা যাবে।